**পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

পিএসডি সার্কুলার নং: ০২/২০২১

তারিখ: ০৭ মার্চ, ২০২১ / ২২ ফাল্গুন, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রদানকারী ব্যাংক এবং সাবসিডিয়ারি প্রতিষ্ঠানসমূহ, পেমেন্ট সার্ভিসেস প্রোভাইডার (পিএসপি) এবং পেমেন্ট সিস্টেম্‌স অপারেটর (পিএসও) প্রতিষ্ঠানসমূহ।

প্রিয় মহোদয়,

**বিভিন্ন প্রিন্ট/ইলেকট্রনিক/সোশ্যাল মিডিয়ায় বিজ্ঞাপন সম্প্রচার বা অনুরূপ কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত Bangladesh Payment and Settlement System Regulations, 2014 এর 6(b)(v) ধারা এবং Bangladesh Mobile Financial Services (MFS) Regulations, 2018 এর 8.0 এবং 16.2 ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সম্প্রতি বিভিন্ন ই-ওয়ালেট/ই-মানি সার্ভিস প্রোভাইডার প্রতিষ্ঠানসমূহ যেমন: মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার, পেমেন্ট সার্ভিসেস প্রোভাইডার (পিএসপি) এবং পেমেন্ট সিস্টেম্‌স অপারেটর (পিএসও) কর্তৃক প্রিন্ট/ইলেকট্রনিক/ সোশ্যাল মিডিয়ায় প্রচারিত বাণিজ্যিক প্রচারণা এবং জনসংযোগমূলক বিজ্ঞাপনসমূহে (সংবাদপত্র, পত্রিকা, বিভিন্ন ওয়েবসাইট, ইউটিউব, ফোনে প্রেরিত এসএমএস, ফেসবুক, লিংকডইন, টুইটার ইত্যাদি) বা অনুরূপ প্রচারণামূলক অন্যান্য কার্যক্রমে (পোস্টারিং, বিল-বোর্ড স্থাপন, লিফলেট বিতরণ, এজেন্ট-মার্চেন্ট পয়েন্টে ব্যানার-ফেস্টুন প্রদর্শন ইত্যাদি) এক প্রোভাইডার কর্তৃক অপর প্রোভাইডারকে হেয় প্রতিপন্ন করা বা অপর প্রোভাইডারের প্রদানকৃত সেবা সম্পর্কে বিদ্রুপপূর্ণ ও আক্রমনাত্মক শব্দের ব্যবহারের বিষয়টি পরিলক্ষিত হচ্ছে, যা অনভিপ্রেত এবং অনাকাঙ্খিত।

০৩। এ বিবেচনায় প্রিন্ট/ইলেকট্রনিক/সোশ্যাল মিডিয়ায় প্রচারিত বাণিজ্যিক প্রচারণা এবং জনসংযোগমূলক বিজ্ঞাপন বা অনুরূপ প্রচারণামূলক অন্যান্য কার্যক্রমে বিদ্রুপপূর্ণ ও আক্রমনাত্মক শব্দের ব্যবহার পরিহার তথা নেতিবাচক সকল ধরণের প্রচারণা থেকে বিরত থাকার পাশাপাশি প্রচারণামূলক সকল ধরণের কার্যক্রম 'জাতীয় সম্প্রচার নীতিমালা-২০১৪' অনুযায়ী পরিচালনা করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক
ফোন: ০২-৯৫৩০১৭৪
ই-মেইল: mezbaul.haque@bb.org.bd